



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-০১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৬.২৬.১৯৪.১২- ৩২৭

তারিখ: ২২ শ্রাবণ ১৪৩০।
০৭ আগস্ট ২০২০।

বিষয়: পটুয়াখালী জেলার মির্জাগঞ্জ উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে প্রকল্প বাস্তবায়নের অনুমতি প্রদানের লক্ষ্যে তথ্য প্রেরণ।

সূত্র: উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মির্জাগঞ্জ, পটুয়াখালী-এর স্মারক নং-৭২; তারিখ: ১৩ জুলাই ২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২২-২৩ অর্থবছরের পটুয়াখালী জেলার মির্জাগঞ্জ উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থ (৩০ জুন ২০২০ তারিখ পর্যন্ত) উন্নয়ন তহবিল স্থানান্তর করা হয়নি। রাজস্ব তহবিলের অর্থ উন্নয়ন তহবিলে জরুরি ভিত্তিতে স্থানান্তর করে ০১ জুলাই ২০২০ তারিখ থেকে বর্তমান রাজস্ব তহবিলের হালনাগাদ ব্যাংক স্থিতি প্রেরণের নির্দেশনা দেয়া হলো।

০২। এমতাবস্থায়, পটুয়াখালী জেলার মির্জাগঞ্জ উপজেলা পরিষদের সূত্রোক্ত স্মারকে প্রস্তাবিত প্রকল্পের অনুমতির সুবিধার্থে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের হালনাগাদ ব্যাংক স্থিতি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৭.০৮.২০২০
(ড. মাসুরা বেগম)
উপসচিব

ফোন: ০২-২২৩৩৮২২৪৭
E-mail: lgdupazila1@lgd.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার
মির্জাগঞ্জ, পটুয়াখালী।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা প্রশাসক, পটুয়াখালী।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মির্জাগঞ্জ, পটুয়াখালী।
- ৩। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৪। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মির্জাগঞ্জ, পটুয়াখালী।
- ৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।